

এসএসসি পরীক্ষায় ৫টি বোর্ডে অভিন্ন প্রশ্নপত্র

আনোয়ার আল দীন ॥ আগামী '৯৭ সালের এস,এস,সি পরীক্ষা দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের অধীনে অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হইবে। আগামী বছরের ৬ই মার্চ শুরু হইবে এই পরীক্ষা। সমগ্র শিক্ষা মন্ত্রণালয়ের এক বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। '৯৭ সালের এস,এস,সি পরীক্ষায় ঢাকা বোর্ডের প্রায় আড়াই (শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

এসএসসি পরীক্ষায় (১ম পৃ: পর)

লক্ষসহ ৭ লক্ষাধিক ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করিতে পারে। ৫টি শিক্ষা বোর্ডের অধীনে পৃথক প্রশ্নপত্রে এস, এস, সি পরীক্ষা গৃহীত হইয়া আসিতেছে। কিন্তু পরীক্ষার প্রশ্নের মানগত সামঞ্জস্যহীনতা এবং ফলাফলের ক্ষেত্রে ৫ বোর্ডের বিভিন্নতার কারণে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হইয়াছে।

উল্লেখ্য, চলতি বছর এস,এস,সি এবং এইচ, এস, সি পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে গ্রহণ করার ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় গত বছর সিদ্ধান্ত নিয়াছিল। কিন্তু চলতি বছর ৫ বোর্ডের অধীনে এইচ এস সি পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে গ্রহণ করা হইলেও এসএসসি পরীক্ষার ব্যাপারে সিদ্ধান্ত কার্যকর করা সম্ভব হয় নাই।

'৯৭ সালে যেকোন প্রকারে হউক এস এস সি পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে হইবে বলিয়া ঢাকা শিক্ষা বোর্ডের একজন কর্মকর্তা জানান। জানা গিয়াছে, আগামী ১০ই ডিসেম্বর এস এস সি পরীক্ষার ফরম পূরণের শেষ তারিখ। জরিমানাসহ ১৮ই ডিসেম্বর পর্যন্ত ফরম পূরণ করা যাইবে।

সমগ্র অভিন্ন শিক্ষা মন্ত্রণালয়ের ঐ বৈঠকে মাদ্রাসা বোর্ডের এস এস সি মানের দাবিল পরীক্ষাও '৯৭ সালের ৬ই মার্চ শুরুর সিদ্ধান্ত গৃহীত হয়। একই সঙ্গে এইচএসসি এবং মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষা আগামী বছরের ৮ই মে হইতে শুরুর সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়। উল্লেখ্য, আগামী বছরও এইচ এস সি পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে গ্রহণ করা হইবে।